



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২২৬(৩)

তারিখ: ২২ বৈশাখ ১৪২৬

০৫ মে ২০১৯

বিষয়: চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ১৬০০০ মে.টন ঢালা গমের চলাচল উপ-সূচি।

সূত্র: চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৫/০৫/২০১৯ খ্রি. তারিখের  
১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭-২২৬(৩) নং স্মারক।


উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ১৬০০০ মে.টন ঢালা গমের চলাচল সূচি জারির প্রেক্ষিতে নিম্নোক্তভাবে চলাচল উপ-সূচি জারি করা হলো। উল্লেখ্য যে, ঠিকাদার কর্তৃক পণ্যের নিরাপত্তা জামানত অনুযায়ী জাহাজ বোঝাই দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রঃ নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	শ্রেণি ও লট নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পণ্য	পরিমাণ (মে.টন)	মাধ্যম
১.	মেসার্স গ্লোবাল মার্কেন্টাইল শিপিং এন্ড ট্রেডিং	মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম লট নং ১(ক)	চট্টগ্রাম সাইলো	নারায়ণগঞ্জ সাইলো	ঢালা গম	২০০০	নৌ পথ
২.	" ফয়সাল নেভিগেশন	এ	এ	এ	এ	২০০০	এ
৩.	" এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল	এ	এ	এ	এ	২০০০	এ
৪.	" মীম শরৎ কনস্ট্রাকশন	এ	এ	এ	এ	২০০০	এ
৫.	" ইরা কর্পোরেশন	এ	এ	এ	এ	২০০০	এ
৬.	" ফারুক ব্রাদার্স শিপিং লাইন্স	এ	এ	এ	এ	২০০০	এ
৭.	" কাজী সাহিদুর রহমান	এ	এ	এ	এ	২০০০	এ
৮.	" এম.ভি শাহজালাল নেভিগেশন লিঃ বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেনিসিএ)	এ	এ	এ	এ	২০০০	এ
					মোট =	১৬০০০	

পরিবহণের ক্ষেত্রে পালণীয় নির্দেশনাবলি:

- ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এবং সাইলো অধীক্ষক, চট্টগ্রাম, উপ-সূচি জারি/ বোঝাইয়ের পূর্বে জাহাজ/ কোন্টারের ঢালা গম পরিবহণের উপর্যুক্ততা, সার্ভে সার্টিফিকেট, বে-ক্রসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেটের মূল/সত্যায়িত কপি ও অন্যান্য তথ্যাদি অবলোকন/ যাচাই পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;
- ২। পরিবহণ ঠিকাদার কর্তৃক সাধারণ বীমা কর্পোরেশন হতে বোঝাইতব্য পরিমাণ পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চসনি চট্টগ্রাম/সাইলো অধীক্ষক চট্টগ্রাম দপ্তরে জমা দিয়ে গম পরিবহণ করাবেন;
- ৩। প্রতি বার্জ/নৌযানে প্রেরিত চালের নমুনা অবশ্যই যৌথ সাক্ষর সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;

- ৪। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;
- ৫। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;
- ৬। এই সূচির মেয়াদ আগামী ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে;
- ৭। সাইলো অধীক্ষক প্রতি সপ্তাহে প্রেরিত পরিমাণ গমের পর্যবেদন প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন;
- ৮। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে জনস্বার্থে নতুন সূচি/আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।



৫-৫-২০১৯

উৎপল কুমার সাহা

অতিরিক্ত পরিচালক (চলাচল) (চলতি দায়িত্ব)

বিতরণ :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ
- ২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো
- ৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২২৬(৩)/১(৭)

তারিখ: ২২ বৈশাখ ১৪২৬  
০৫ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ
- ৪) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ, ঢাকা।
- ৭) মেসার্স ..... নৌ পরিবহণ ঠিকাদার, মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম।



৫-৫-২০১৯

উৎপল কুমার সাহা

অতিরিক্ত পরিচালক (চলাচল) (চলতি দায়িত্ব)